গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: *rcadmsn@gmail.com* website: *http://rc.gov.bd* / *http://rc.edu.bd*
online news portal: *http://rc.edu.bd/rcbarta* Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪. ২১৬৮

তারিখঃ ২৫ বৈশাখ ১৪৩১ বঃ
০৮ মে ২০২৪ খ্রি.

# ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স শেষপর্ব পরীক্ষার জন্য (প্রাইভেট) রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

## অনলাইনে পূরণকৃত আবেদন ফরম জমা দেয়ার সময়সূচি

| তারিখ | বিষয় | সময় | আবেদন ফরম জমাদানের স্থান | ফি জমা দেয়ার স্থান |
|---|---|---|---|---|
| ১২/০৫/২০২৪ থেকে ২০/০৫/২০২৪ পর্যন্ত **(সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** | সকল বিষয় | সকাল ১০:০০ টা থেকে বেলা ০২:০০ টা পর্যন্ত | লাইব্রেরীর বারান্দা (পূর্বপাশে) | ক্যাশ শাখা রাজশাহী কলেজ |

**১। আবেদনের যোগ্যতা:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। **তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।**

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভট)/ মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা যে কোন প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষ হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানের আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল ও রেজিস্ট্রেশন সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইনে আবেদন আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**ছ) সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে যে সকল বিষয়ে অধিভুক্তি আছে সে সকল বিষয়ে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।**

**২। নির্ধারিত বিষয় : বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামী শিক্ষা, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং এবং ফিনান্স ও ব্যাংকিং বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পর্যায়ে পঠিত বিষয় হতে হবে।**

**৩। অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলী ও সময়সূচী :**

ক) আবেদনকারীকে ০৭/০৫/২০২৪ তারিখ বিকাল ৪.০০ টা থেকে ২০/০৫/২০২৪ তারিখ রাত ১২ টার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master's Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে।

খ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজে আবেদনকারী ভর্তিযোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে।

গ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image type: JPG এবং maximum file size: 50KB হতে হবে। আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি অনলাইন আবেদন ফরমে আপলোড করা হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ পূরণ করে Submit Apolication অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে A4 অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে।

ঙ) আবেদন ফরমটির ২য় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

চ) আবেদনকারী প্রিন্টকৃত আবেদন ফরম, **আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র অত্র** কলেজে জমা দিয়ে আবেদন ফরমের নিজের অংশ গ্রহণ করবেন।

**৪। রেজিস্ট্রেশন ও অন্যান্য ফিসের বিবরণ:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি, আবেদন ফি এবং অন্যান্য ফি শিক্ষার্থী প্রতি ১৬২০/- (এক হাজার ছয়শত বিশ) টাকা কলেজ ক্যাশ শাখায় জমা দিয়ে মূল রশিদ সংগ্রহ করতে হবে।

**৫। রেজিস্ট্রেশনের অন্যান্য শর্তাবলী:**

ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের অনুমিত দেয়া হবে না।

খ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য প্রযোজ্য হবে।

গ) আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) কোন প্রার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

**৬। প্রয়োজনীয় কাগজপত্র (যা কলেজে জমা দিতে হবে):**

ক) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র, নম্বর পত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ সেট;
খ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে " শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।
গ) কারাবন্দী আবেদনকারী শিক্ষার্থীদের সংশ্লিষ্ট দপ্তরের অনুমতি ও প্রত্যয়নপত্র।

৯। আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন রেজিস্ট্রেশন বাতিলসহ বিজ্ঞপ্তির যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৫৮ (২৮)

তারিখঃ ২৫ বৈশাখ ১৪৩১ ব:
০৮ মে ২০২৪ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**
১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। বিভাগীয় প্রধান,সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আহ্বায়ক, মাস্টার্স শেষপর্ব **(প্রাইভেট)-২০২২** রেজিস্ট্রেশন কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৫। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৬। রাজশাহী কলেজ ওয়েবসাইট (www.rc.gov.bd)।
৭। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ 06/05/2024
রাজশাহী কলেজ, রাজশাহী।
06/05/2024